# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৬

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যারা আল্লাহর জন্য পরস্পরকে ভালবাসে না, তাদের থেকে ঈমানকে নাকচ করা

ذِكْرُ نَفْيِ الْإِيمَانِ عَمَّنْ لَا يَتَحَابُّ فِي اللَّهِ جَلَّ وَعَلَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الْهَاشِمِيُّ قَالَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ الرَّمَّاحِ قَالَ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا تَدْخُلُوا الْجَنَّةَ حَتَّى تُؤْمِنُوا وَلَا تُؤْمِنُوا حَتَّى تَحَابُّوا أَلَا أَدُلُّكُمْ عَلَى أَمْرٍ إِذَا فَعَلْتُمُوهُ تَحَابَبْتُمْ أَفْشُوا السَّلَامَ بينكم".

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 236 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৩৬. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “ঐ সত্তার কসম, যার হাতে আমার প্রাণ, তোমরা জান্নাতে প্রবেশ করবে না, যতক্ষণ না তোমরা মু‘মিন হয়েছো, আর তোমরা মু‘মিন হতে পারবে না, যতক্ষণ না তোমরা পরস্পরকে ভালবাসবে। আমি কি তোমাদেরকে এমন একটি আমলের সন্ধান দিব না, যা পালন করলে তোমরা পরস্পরকে ভালবাসতে পারবে? সেটি হলো: “তোমরা পরস্পরের মাঝে সালামের ব্যাপক প্রচলন ঘটাও।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৬২৪; সহীহ মুসলিম: ৫৪; ইবনু মাজাহ: ৬৮; তিরমিযী: ২৬৮৮; আবু আওয়ানা: ১/৩০; মুসনাদ আহমাদ: ২/৪৯৫; ইবনু মান্দাহ: ৩২৯; আবু দাউদ: ৫১৯৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩০০; আদাবুল মুফরাদ: ৯৮০।

হাদীসটির সানাদকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৭৭৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88535

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন